

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩১০

১১. কিতাবুয যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ এই হাদীসগুলো উপমা হিসেবে ব্যবহার করা হয়েছে, যার সাথে মানুষ সুপরিচিত, এর ধরণ বর্ণনা করা যাবে না বা এটাকে বাস্তবিক বিবেচনা করা যাবে না মর্মে হাদীস

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ هَذِهِ الْأَخْبَارَ أُطْلِقَتْ بِأَلْفَاظِ التَّمْثِيلِ وَالتَّشْبِيهِ عَلَى حَسَبِ مَا يَتَعَارَفُهُ النَّاسُ بَيْنَهُمْ, دُونَ كَيْفِيَّتِهَا أَوْ وُجُود حقائقها

## আরবী

3310 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى حَدَّثَنَا عُبَيْدُ بْنُ جَنَّادٍ الْحَلَبِيُّ قَالَ: حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عَمْرٍ و عَنْ زَيْدِ بْنِ أَبِي أَنْيْسَةَ عَنْ زَيْدِ بْنِ رُفيع عَنْ حِزَامٍ بْنِ حَكِيمٍ بْنِ حِزَامٍ قَالَ: خَطَبَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ النِّسَاءَ ذَاتَ يَوْمٍ حِزَامٍ: عَنْ حَكِيمٍ بْنِ حِزَامٍ قَالَ: خَطَبَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ النِّسَاءَ ذَاتَ يَوْمٍ فَوَعَظَهُنَّ وَأَمَرَهُنَّ بِتَقْوَى اللَّهِ وَالطَّاعَةِ لأزواجهنَّ وَقَالَ: (إِنَّ مِنْكُنَّ مَنْ تَدْخُلُ الْجَنَّةَ ـ وَجَمَعَ بَيْنَ أَصَابِعِهِ ـ وَمِنْكُنَّ حَطَبُ جَهَنَّمَ , وَفَرَّقَ بَيْنَ أَصَابِعِهِ) فَقَالَتِ المَارِدَةُ ـ أَو وَجَمَعَ بَيْنَ أَصَابِعِهِ . وَمِنْكُنَّ حَطَبُ جَهَنَّمَ , وَفَرَّقَ بَيْنَ أَصَابِعِهِ) فَقَالَتِ المَارِدَةُ ـ أَو المُرَادِيَّةُ ـ: يارسول اللَّهِ! وَلِمَ ذَلِكَ؟ قَالَ: (تَكْفُرْنَ العَشِيرَ وتُكْثِرْنَ اللَّعن وتُسَوِّفْنَ الْخَيْرَ)

الراوي: حَكِيم بْن حِزَامٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 3310 اخلاصة حكم المحدث: ضعيف \_ انظر التعليق.

## বাংলা

৩৩১০. হাকিম বিন হিযাম রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "একদিন আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মহিলাদের উপদেশ প্রদান করেন। তিনি তাদেরকে নসীহত করেন, আল্লাহভীতি অবলম্বন ও স্বামীর আনুগত্য করার নির্দেশ দেন এবং বলেন, "তোমাদের মাঝে কেউ জাল্লাতে যাবে, -এই বলে তিনি তাঁর আঙ্গুলগুলোকে একত্রিত করেন- আর কেউ কেউ জাহান্নামের ইন্ধন হবে।— এই বলে তিনি তাঁর আঙ্গুলগুলোকে পৃথক করেন- তখন মারিদা বা মুরাদিয়াহ নামক এক মহিলা বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, এরকম কেন হবে?" তিনি জবাবে বলেন, "তোমরা স্বামীর অকৃতজ্ঞতা প্রকাশ করো, অধিক মাত্রায়



অভিসম্পাত করো এবং ভালকাজে গড়িমসি করো।"[1]

## ফুটনোট

[1] তাবারানী আল কাবীর: ৬/৩০৪; হাইসামী, মাজমাউয যাওয়াইদ: ৪/৩১৪।

হাদীসটির ব্যাপারে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩৩১০।)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ হাকীম ইবনু হিযাম (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন